বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/জনবল (ভলিউম-৩)/১৮৪/২০১৩(শিক্ষক)/৮৯৪

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ / ১২ আগষ্ট ২০১৮ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত বিভিন্ন পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র. নং	পদ ও বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**অধ্যাপক:** গ্রেড-৩ , জাতীয় বেতন স্কেল ২০১৫ **১টি স্থায়ী পদ** মার্কেটিং বিভাগ	অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় অন্তত একটিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১(এক)টিতে ১ম শ্রেণী থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচডি কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় পর্যায়ে/ স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে প্রার্থীর কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষাদান/ গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ৪ (চার) বছর শিক্ষাদানের অভিজ্ঞতা থাকা আবশ্যক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত অধ্যাপকগণের ক্ষেত্রে উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে। স্বীকৃতমানের জার্নাল/বই-এ প্রার্থীর কমপক্ষে ১০ (দশ)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদান যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত পদের বিপরীতে সহকারী অধ্যাপক/প্রভাষক নিয়োগ দেয়া হতে পারে।
২.	**সহযোগী অধ্যাপক:** গ্রেড-৪ , জাতীয় বেতন স্কেল ২০১৫ **৩ টি স্থায়ী পদ** গণিত বিভাগ (১টি) , ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ (১টি) , রসায়ন বিভাগ (১টি)	সহযোগী অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় অন্তত একটিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১ (এক)টিতে ১ম শ্রেণি থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচডি কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয় পর্যায়ে/ স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে প্রার্থীর কমপক্ষে ৭(সাত) বছরের শিক্ষকতা/গবেষণাসহ অন্তত ৩ (তিন) বছর সহকারী অধ্যাপক হিসেবে শিক্ষাদানের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের জার্নালে/বই-এ প্রার্থীর কমপক্ষে ৫টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদান যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। উপর্যুক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত পদের বিপরীতে সহকারী অধ্যাপক/প্রভাষক নিয়োগ দেয়া হতে পারে।
৩.	**সহকারী অধ্যাপক:** গ্রেড-৬ , জাতীয় বেতন স্কেল ২০১৫ **৫ টি স্থায়ী পদ** ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ (১টি) , কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (১টি) , রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (১টি) , ইতিহাস (১টি) , পরিসংখ্যান (১ টি)	সহকারী অধ্যাপক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে ১ম বিভাগ/জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১টিতে ১ম শ্রেণি থাকতে হবে। তবে সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে ন্যূনপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় পর্যায়ে/ স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩(তিন) বছরের শিক্ষকতা/ গবেষণার অভিজ্ঞতা ও স্বীকৃতমানের জার্নাল/ বই-এ কমপক্ষে ১(এক)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। পিএইচডি ডিগ্রি থাকলে অন্যান্য শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিল করা যেতে পারে। উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত পদের বিপরীতে প্রভাষক নিয়োগ দেয়া হতে পারে।
৪.	**প্রভাষক:** গ্রেড-৯ , জাতীয় বেতন স্কেল ২০১৫ **৭ টি স্থায়ী পদ** উদ্ভিদবিজ্ঞান বিভাগ (১টি) , রাষ্ট্রবিজ্ঞান বিভাগ (১টি) , ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ (১টি) , ইতিহাস (২টি) , পরিসংখ্যান (২টি)	প্রভাষক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যেকোন ১টিতে প্রথম শ্রেণি থাকতে হবে। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে ন্যূনপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। তবে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় যে কোন একটিতে ন্যূনপক্ষে সিজিপিএ ৩.৪৫ (স্কেল: ৪.০০) প্রাপ্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন। উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।
৫.	**সহকারী পরিচালক:** গ্রেড-৭ , জাতীয় বেতন স্কেল ২০১৫ **১ টি স্থায়ী পদ** ইন্সটিটিউশনাল কোয়ালিটি এসোরেন্স সেল (IQAC)	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৬.	**স্টোর অফিসার** **১ টি স্থায়ী পদ** গ্রেড-৯ , জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৭.	**সহকারী প্রকৌশলী (ট্রান্সপোর্ট):** **১ টি স্থায়ী পদ** গ্রেড-৯ , জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদী অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ বি.এস.সি ডিগ্রি এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৮.	**ফোরম্যান (অটোমোবাইল)** **১ টি স্থায়ী পদ** গ্রেড-১০ , জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ অটোমোবাইলে ডিপ্লোমা পাশ থাকতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৯.	**পিএ টু ভিসি** **১ টি স্থায়ী পদ** গ্রেড-১১ , জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে বিশেষ পারদর্শী হতে হবে। শিক্ষা জীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি থাকতে হবে।
১০.	**একাউনটেন্ট:** **১ টি স্থায়ী পদ** গ্রেড-১২ , জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বা ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশিষ্ট কাজে ন্যূনতম ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১১.	**অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর: ৩টি স্থায়ী পদ** গ্রেড-১৩ , জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটারে ডিপ্লোমা পাশ/কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে বিশেষ পারদর্শী হতে হবে। শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ থাকতে হবে।
১২.	**নার্স: ১ টি স্থায়ী পদ** গ্রেড-১৩ , জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে নার্সিং এ ন্যূনপক্ষে ডিপ্লোমাধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় সকল প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনপক্ষে জিপিএ ২.০০ বা দ্বিতীয় বিভাগ/ শ্রেণি থাকতে হবে।
১৩.	**অফিস সহায়ক: ৩ টি স্থায়ী পদ** গ্রেড-২০ , জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

১৪.	**গার্ডেনার: ১ টি স্থায়ী পদ** গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
১৫.	**মেকানিক: ১ টি স্থায়ী পদ** গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম Website : www.barisaluniv.edu.bd, www.barisaluniv.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল, কিংবা বরিশাল বিশ্ববিদ্যালয়-এর ঢাকাস্থ লিয়াজোঁ অফিস ১৬/১, লেক সার্কাস (৩য় তলা), কলাবাগান (স্কয়ার হাসপাতালের বিপরীতে, কনকর্ড টাওয়ারের নিচের রাস্তা দিয়ে সামনে), ঢাকা-১২০৫ থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা নগদ প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড ৩ ও গ্রেড ৪ পদের জন্য ১১ (এগার) সেট, গ্রেড: ৬ থেকে গ্রেড ১০ পদের জন্য ০৮ (আট) সেট, গ্রেড: ১১ থেকে গ্রেড ২০ পদের জন্য ২ (দুই) সেট রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা **৩০/০৮/২০১৮** তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ছায়ালিপি, (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি, (৩) জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	দরখাস্তের সাথে "ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়", সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাষ্ট্রায়ত্ব ব্যাংকের যে কোন শাখা থেকে গ্রেড ৩ ও গ্রেড ৪-এর পদের জন্য ১৮০০/- টাকা, গ্রেড ৬ ও গ্রেড ৭-এর পদের জন্য ১৫০০/- টাকা, গ্রেড ৯-এর পদের জন্য ১২০০/- টাকা, গ্রেড ১০-এর পদের জন্য ১০০০/- টাকা, গ্রেড ১১ থেকে গ্রেড ১৩ -এর পদের জন্য ৭০০/- টাকা, গ্রেড ২০ এর পদের জন্য ৫০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে পুলিশ ভেরিফিকেশন ও মেডিক্যাল টেস্ট সম্পন্ন করে যোগদান করতে হবে।
(ঝ)	যোগ্য প্রার্থীদের মধ্যে অধূমপায়ী ব্যক্তিকে প্রাধিকার দেয়া যেতে পারে।
(ঞ)	গ্রেড ৩ থেকে গ্রেড ৭ ব্যতীত সকল পদে আবেদনকারীর বয়সসীমা সর্বাধিক ৩০ বছর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য

স্বা-
(মো. মনিরুল ইসলাম)
রেজিস্ট্রার